



Grenfell Tower community update: January 2026 - Bengali / বাংলা

গ্রেনফেল টাওয়ার কমিউনিটি আপডেট - জানুয়ারি 2026

আমরা জানি যে, এই মর্মান্তিক ঘটনায় যারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছেন, গ্রেনফেল টাওয়ার (Grenfell Tower) তাঁদের কাছে এক গভীর আবেগ ও স্মৃতির জায়গা এবং এই মাটি ভুক্তভোগী পরিবারের কাছে অত্যন্ত পবিত্র। টাওয়ারটি সতর্কতার সাথে নামিয়ে ফেলার যে কাজ আমরা করছি, সে বিষয়ে আমরা আপনাদের নিয়মিত আপডেট করতে চাই।

এই আপডেটে আপনি নিচের বিষয়গুলো সম্পর্কে আরও বিস্তারিত জানতে পারবেন:

- গ্রেনফেল মেমোরিয়াল ওয়াল
- গ্রেনফেল হার্ট ব্যানার
- ক্রেন নামিয়ে ফেলার কাজ
- টাওয়ারের লাইটিং
- ধূলোবালি, কম্পন এবং শব্দের মাত্রা পর্যবেক্ষণ সংক্রান্ত তথ্য
- স্বাস্থ্য ও মানসিক প্রশান্তি বিষয়ক সহায়তা
- আমাদের সাথে যোগাযোগের এবং বিস্তারিত জানার উপায়

আপনি এই লিংকে গিয়ে আগের আপডেট দেখতে পারেন: www.gov.uk/grenfell-community-updates

গ্রেনফেল মেমোরিয়াল ওয়াল

গ্রেনফেল মেমোরিয়াল ওয়ালের উপরের আগেকার লাইটগুলোর মধ্যে বেশ কিছু নষ্ট হয়ে যাওয়ায়, এই মাসের শুরুর দিকে সেগুলো পরিবর্তন করে নতুন লাইট লাগানো হয়েছে।

গ্রেনফেল হার্ট ব্যানার

কাজ এগোনোর সাথে সাথে আমরা গ্রেনফেল হার্ট ব্যানারগুলোকে টাওয়ারের আরও নিচের দিকে নামিয়ে এনেছি। এই মাসের শুরুর দিকে উপরের ব্যানারগুলো সরিয়ে ফেলা হয়েছে। নিচের দিকের ব্যানারগুলো এই বছরের শেষের দিকে সরিয়ে ফেলা হবে।

ক্রেন নিচে নামানোর কাজ

আবহাওয়া ঠিকঠাক থাকলে, আগামী ফেব্রুয়ারি মাসের স্কুল হাফ-টার্ম ছুটির সময় গ্রেনফেল টাওয়ার সাইটে গত গ্রীষ্মে বসানো ক্রেনটি নিচে নামিয়ে আনা হবে।

টাওয়ারের লাইটিং:

আমরা জানতে পেরেছি যে, টাওয়ারটি সতর্কতার সাথে সরিয়ে ফেলার সময় সেখানে একটি দৃশ্যমান স্মারক বা চিহ্ন থাকাটা গুরুত্বপূর্ণ। আমরা বিশেষ আলোকসজ্জার ব্যবস্থা করেছি যাতে টাওয়ারের প্রতিটি কোণ থেকে আলোর রশ্মি উপরের দিকে প্রজ্বলিত হয়। এই লাইটগুলো গত মাসে চালু করা হয়েছে এবং প্রতি রাতে বিকেল 5টার পর থেকে রাত 11টা পর্যন্ত টাওয়ারের প্রতিটি কোণ থেকে উপরের দিকে জ্বলতে থাকবে। গ্রেনফেল হার্ট ব্যানারগুলোর ওপরের আলোগুলো প্রতিদিন গোধূলি থেকে রাত 11টা পর্যন্ত জ্বলবে।

ধুলোবালি, কম্পন এবং শব্দ পর্যবেক্ষণ সংক্রান্ত তথ্য

সরকার এই অঙ্গীকার করছে যে, গ্রেনফেল টাওয়ার সাইটের সমস্ত কাজ সর্বোচ্চ মান বজায় রেখেই সম্পূর্ণ করা হবে। স্থানীয় জনগন এবং সাইটে কর্মরত কর্মীদের নিরাপত্তা ও সার্বিক মঙ্গল আমাদের কাছে সবসময়ই অগ্রাধিকার পাবে। সাইটে বিশেষ মনিটর স্থাপন করা হয়েছে যা ধুলোবালি, কম্পন এবং শব্দের মাত্রার লাইভ তথ্য সংগ্রহ করছে। এই তথ্যগুলো প্রতি মাসে প্রকাশ করা হয়। সর্বশেষ রিপোর্টগুলো দেখতে নিচের লিংকগুলোতে ক্লিক করুন:

ধুলোবালি পর্যবেক্ষণ সংক্রান্ত রিপোর্ট: 1 ডিসেম্বর 2025 থেকে 4 জানুয়ারি 2026

কম্পন পর্যবেক্ষণ সংক্রান্ত রিপোর্ট: 1 ডিসেম্বর 2025 থেকে 4 জানুয়ারি 2026

শব্দ পর্যবেক্ষণ সংক্রান্ত রিপোর্ট: 1 ডিসেম্বর 2025 থেকে 4 জানুয়ারি 2026

কাজ চলাকালীন সময়ে ইউকে হেলথ সিকিউরিটি এজেন্সি (UKHSA) গ্রেনফেল টাওয়ারের আশেপাশের এলাকার বায়ুর মান মূল্যায়ন এবং পর্যবেক্ষণ করা অব্যাহত রাখবে। সংস্থাটি প্রতি মাসে তাদের রিপোর্টগুলো প্রকাশ করে থাকে। আপনি সর্বশেষ রিপোর্টটি এখানে গিয়ে দেখতে পারেন:

গ্রেনফেল টাওয়ার আগ্নিকাণ্ডের পর পরিবেশগত পর্যালোচনা - GOV.UK

স্বাস্থ্য ও সুস্থ্যতা বিষয়ক সহায়তা

গ্রেনফেল টাওয়ারটি অত্যন্ত সতর্কতার সাথে সরিয়ে ফেলার এই পুরো কাজটা চলাকালীন শোকসন্তপ্ত পরিবার, দুর্ঘটনা থেকে বেঁচে ফেরা মানুষজন এবং নিকটস্থ এলাকার বাসিন্দাদের জন্য মানসিক ও শারীরিক স্বাস্থ্য বিষয়ক সহায়তা অব্যাহত রাখবে।

আপনি যদি কারো সাথে কথা বলতে চান, তবে আপনি নিচের মাধ্যমগুলো ব্যবহার করতে পারেন:

- 020 8637 6279 নম্বরে গ্রেনফেল ওয়েবিং সার্ভিসেসে কল করুন (প্রতিদিন সকাল 8টা থেকে রাত 8টা পর্যন্ত)।
- যেকোনো জরুরি প্রয়োজনে নিচের নম্বরে সেন্ট্রাল অ্যান্ড নর্থ ওয়েস্ট লন্ডন জাতীয় স্বাস্থ্য পরিষেবা (NHS) ফাউন্ডেশন ট্রাস্ট (CNWL)-এর সিঙ্গেল পয়েন্ট অফ অ্যাক্সেস অ্যাডভাইস লাইনে কল করুন:
0800 0234 650 (দিনে 24 ঘণ্টা, সপ্তাহে সাত দিন খোলা থাকে)
- ইমেল করুন: grenfell.wellbeingservice@nhs.net
- আরও তথ্যের জন্য এই লিংকে যান: www.grenfellwellbeing.cnwl.nhs.uk

বর্তমানে উপলভ্য সেবাগুলো সম্পর্কে সর্বশেষ তথ্য পেতে ভিজিট

করুন: www.grenfell.nhs.uk

আমাদের সাথে কীভাবে কথা বলবেন বা আরও বিস্তারিত জানবেন

আমরা এমনভাবে তথ্যগুলো আপনার কাছে পৌঁছে দিতে চাই যাতে সেগুলো আপনার জন্য সহায়ক হয়। আমরা এখানে নিয়মিত আপডেট এবং তথ্য শেয়ার করতে থাকবো

www.gov.uk/grenfell-community-updates

আমাদের এই অ্যাড্রেস ইমেল করুন: GrenfellTowerSite@communities.gov.uk -তে:

- আপনার সুবিধা এবং পছন্দ অনুযায়ী নির্দিষ্ট সময়ে, তারিখে এবং স্থানে আমাদের সাথে এককভাবে বা দলগতভাবে কথা বলার ব্যবস্থা করতে পারেন।
- টাওয়ারটি ভালোভাবে সরিয়ে ফেলার কাজ নিয়ে আপনার কোনো প্রশ্ন থাকলে আমাদের জিজ্ঞাসা করুন অথবা আপনার কোনো উদ্বেগ থাকলে তা আমাদের জানান।
- কর্মকর্তাবৃন্দ এবং আমাদের প্রধান কন্ট্র্যাক্টরের সাথে আমাদের নিয়মিত সভাগুলো সম্পর্কে জানুন, যেখানে আপনি কাজ সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা করতে পারবেন।
- আমাদের নিয়মিত আপডেটগুলো সরাসরি আপনার ইমেইলে পেতে আমাদের জানান।
- আপনি চাইলে আপনাদের সাথে আমাদের যোগাযোগ এবং কথপকথনের মাধ্যমগুলো নিয়ে আপনার মতামত আমাদের সাথে শেয়ার করতে পারেন। আমরা আপনার মতামত জানার জন্য আগ্রহী।

গ্রেনফেল টাওয়ার সংক্রান্ত সর্বশেষ আপডেট পেতে এবং ইমেইল নোটিফিকেশনের জন্য সাইন-আপ করতে এই লিংকে যান: www.gov.uk/grenfell-community-updates অথবা QR কোড স্ক্যান করুন।



গ্রেনফেল টাওয়ার সাইট ম্যানেজমেন্ট টিম,

মিনিস্ট্রি অফ হাউজিং, কমিউনিটি অ্যান্ড লোকাল গভর্নমেন্ট